

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২১০৭

২৭/ ফারাইয (ﷺ ২৭/ ফারাইয) পরিচ্ছেদঃ ১৫. মুসলিম ও কাফির পরস্পরের উত্তরাধিকার স্বত্ব বাতিল

আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَخْزُومِيُّ، وَغَيْرُ، وَاحِد، قَالُوا حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ الرَّهْرِيِّ، حَ وَحَدَّثَنَا عَلِيُّ بْنِ حُسَيْنٍ، عَنْ الرَّهْرِيِّ، عَنْ عَلِيِّ بْنِ حُسَيْنٍ، عَنْ الرَّهْرِيِّ، عَنْ عَلِيِّ بْنِ حُسَيْنٍ، عَنْ الله عليه وسلم قَالَ " لا يَرِثُ الْمُسْلِمُ الْكَافِرَ وَلاَ الْكَافِرُ الْمُسْلِمُ " . حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا الزُّهْرِيُّ الْمُسْلِمُ الْكَافِرُ الْمُسْلِمُ الْكَافِرُ الْمُسْلِمُ الْكَافِرَ وَلاَ الْكَافِرُ الْمُسْلِمُ " . حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ حَدَّثَنَا سُفْيَانُ حَدِيثٌ حَسَنٌ الْمُسْلِمُ الْكَافِرُ الْمُسْلِمُ " . حَدَّثَنَا ابْنُ أَبِي عُمْرَ و وَهَذَا حَدِيثٌ حَسَنٌ نَحْوَهُ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَعَبْدِ اللّهِ بْنِ عَمْرٍو . وَهَذَا حَدِيثٌ حَسَنٌ صَحَيِحٌ هَكَذَا رَوَاهُ مَعْمَرٌ وَغَيْرُ وَاحِد عَنِ الزُّهْرِيِّ نَحْوَ هَذَا . وَرَوَى مَالِكٌ عَنِ الزُّهْرِيِّ مَنْ عَلَي بْنِ حُسَيْنِ عَنْ عُمَرَ بْنِ عُثْمَانَ عَنْ أُسَامَةَ بْنِ زَيْدِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ وَ وَحَدِيثُ مَالِكُ وَهَمْ وَهِمَ فِيهِ مَالِكٌ وَقَدْ رَوَاهُ بَعْضُهُمْ عَنْ مَالِكُ فَقَالَ عَنْ عَمْرو بْنِ عُثْمَانَ وَأَكْثَرُ أَصْحَابِ مَالِكُ وَهَمْ وَهِمَ فِيهِ مَالِكٌ وَقَدْ رَوَاهُ بَعْضُهُمْ عَنْ مَالِكُ فَقَالَ عَنْ عَمْرُ بِنِ عُثْمَانَ وَأَكْثَرُ أَصْحَابِ مَالِكُ وَهَمْ وَهِمَ فِيهِ مَالِكٌ وَوَلَا السَّافِعِي مِيرَاثِ الْمُرْتِدِ فَجَعَلَ أَكْثُرُ عَنْ السَّيْعِي صلى الله عليه وسلم وَغَيْرِهِمُ الْمَالَ لِوَرَتَتِهِ مِنَ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمُ الْمَالَ لِوَرَتَتِهِ مِنَ النَّيْسِ صلى الله عليه وسلم " لاَ يَرِثُ الْمُسُلِمُ الْكَافِرَ " . وَهُو قَوْلُ الشَّافِعِيّ .

বাংলা

২১০৭। উসামা ইবনু যাইদ (রাঃ) হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মুসলিম ব্যক্তি কাফির ব্যক্তির উত্তরাধিকারী হবে না এবং কাফিরও মুসলিম ব্যক্তির উত্তরাধিকারী হবে না |

সহীহ, ইবনু মা-জাহ (২৭২৯), বুখারী, মুসলিম।



ইবনু আবৃ উমার-সুফিয়ান হতে, তিনি যুহরী (রহঃ)-এর সূত্রে অনুরূপ হাদীস বর্ণনা করেছেন। আবৃ ঈসা বলেন, জাবির ও আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি হাসান সহীহ। মামার এবং আরও অনেকে যুহরীর সূত্রে একইরকম বর্ণনা করেছেন। মালিক (রাহঃ) যুহরী হতে, তিনি আলী ইবনুল হুসাইন হতে, তিনি উমার ইবনু উসমান হতে, তিনি উসামা ইবনু যাইদ (রাঃ) হতে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে একইরকম বর্ণনা করেছেন। মালিকের বর্ণনা ভ্রান্তিপূর্ণ। এতে মালিকই ভুল করেছেন।

এই হাদীসটিকে কোন কোন বর্ণনাকারী মালিকের সূত্রে বর্ণনা করেছেন এবং (উমার-এর স্থলে) আমর বলেছেন। মালিকের বেশিরভাগ শিষ্য মালিক-উমার' হতে বলেছেন। উসমান (রাঃ)-এর সন্তানদের মধ্যে আমর প্রসিদ্ধ। উমার নামে তার কোন সন্তান ছিল বলে জানা যায় না।

এ হাদীস অনুসারে অভিজ্ঞ আলিমগণ আমল করেছেন। তবে মুরতাদ (ধর্মত্যাগী) ব্যক্তির পরিত্যক্ত সম্পত্তি (মীরাস) সম্পর্কে তাদের মধ্যে দ্বিমত আছে। একদল সাহাবী ও অপরাপর আলিম বলেছেন, তার পরিত্যক্ত সম্পত্তি তার মুসলিম উত্তরাধিকারীদের মধ্যে বণ্টিত হবে। তাদের অপর দল বলেছেন, মুসলিমরা তার উত্তরাধিকারী হবে না। তারা উপরোক্ত হাদীসটি দলীল হিসাবে গ্রহণ করেছেন। ইমাম শাফিঈর এই অভিমত।

English

Usamah bin Zaid narrated that the Messenger of Allah(S.A.W) said: "The Muslim does not inherit from the disbeliever, nor the disbeliever from the Muslim."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন